অস্ট্রেলীয় সরকারের Code of Behaviour ও Bridging Visas

অস্ট্রেলীয় সরকারের Code of Behaviour (আচরণ বিধি) আপনার জন্য গুরুত্বপূর্ণ যদি আপনার Bridging Visa E (ব্রিজিং ভিসা ই) থাকে বা তা পেতে যাচ্ছেন।.

Code of Behaviour হচ্ছে আপনার অস্ট্রেলিয়ার আইন ও নিয়ম পালন করার প্রতিশ্রুতি। এই তথ্যপত্র Code of Behaviour এর মাধ্যমে আপনাকে আপনার আইনগত অধিকার ও দায়িত্বের কথা বলছে।

Code of Behaviour
for Subclass 050 Bridging (General)
visa holders

(Bengali)

Code of Behaviour–আইনগত তথ্য

Code of Behaviour কি?

Code of Behaviour হচ্ছে আপনার অস্ট্রেলিয়ার আইন ও নিয়ম পালন করার প্রতিশ্রুতি। এটা একটা ফরম যাতে আপনি দস্তখত করেন। আপনার Bridging Visa E* নবায়ন করতে বা পেতে আপনি অবশ্যই Code of Behaviour এ দস্তখত করবেন। Code of Behaviour এরূপ দেখতে.


Australian Government
Department of Immigration and Border Protection

Code of Behaviour
for Subclass 050 Bridging (General)
visa holders

Form
1443

**আপনি যদি না জানেন আপনার কী ভিসা আছে, তাহলে Department of Immigration and Border Protection এ খোঁজ করুন অথবা আপনার কেইস ওয়ার্কারকে আপনাকে খুঁজতে সাহায্য করতে বলুন।*

আমি অস্ট্রেলীয় আইন ও নিয়ম সম্বন্ধে বেশী না জানলে কি হবে?

অস্ট্রেলিয়ায় বহু আইন ও নিয়ম আছে। অস্ট্রেলিয়ার সব লোক এই সব আইন ও নিয়ম অবশ্যই পালন করবে। সব লোকেরই আইনের অধীনে অধিকার আছে।

আপনাকে কোন কোন আইন পালন করতে হবে তা জানা আপনার উপর নির্ভর করে। এটা ন্যায্য না মনে হতে পারে, কিন্তু 'আমি আইন জানতাম না' বলা কোন অজুহাত নয়। আপনি দরকার হলে বিনাখরচে আইনগত তথ্য ও সাহায্য এই তথ্যপত্রের শেষে দেওয়া তালিকাভুক্ত সেবাকর্মগুলির কাছে পেতে পারেন।

আমি আইন পালন না করলে কি হবে?

এর অর্থ আপনি Code of Behaviour ভঙ্গ করছেন এবং Department of Immigration আপনার ভিসা বাতিল করতে পারে।

এটা তারা এই ধরনের আইন ভঙ্গ করলে করতে পারে:

- যদি আপনি বিপজ্জনকভাবে গাড়ি চালান বা আপনার গাড়ি চালানর জন্য নিরাপদ তা নিশ্চিত না করেন
- যদি আপনি কাউকে আঘাত করেন বা তাদের প্রতি হিংসাত্মক হন।

উপরন্তু Department of Immigration আপনার ভিসা বাতিল করতে পারে যদি আপনি:

- সমাজ অত্যন্ত বিপজ্জনক মনে করে এরূপ কাজ করেন
- Department (ডিপার্টমেন্ট) আপনাকে যা করতে বলে তা না করেন, যেমন, কোন গুরুত্বপূর্ণ সাক্ষাৎকারে যাওয়া।

আমার ভিসা বাতিল করা হলে কি হবে?

ভিসা বাতিল করার আগে Department (ডিপার্টমেন্ট) আপনাকে হুঁসিয়ারী দিতে পারে বা ভিসার কোন কোন শর্তের পরিবর্তন করতে পারে।

যখন ব্রিজিং ভিসা বাতিল করা হয়, আপনি সম্ভবত: অভিবাসন আটকখানায় যাবেন।

আমি কি Code of Behaviour সম্বন্ধে আরও জানতে পারি?

আপনি যদি কি করতে হবে তা না জানেন তাহলে আপনার কেইস ওয়ার্কারকে সাহায্য করতে বলুন। Code of Behaviour সম্বন্ধে আপনার কোন প্রশ্ন থাকলে আপনার কেইস ওয়ার্কারকে কোথায় আরও তথ্য পাওয়া যাবে জিজ্ঞাসা করুন, অথবা নিচের সেবাকর্মগুলিতে যোগাযোগ করুন।

কোন আইনজীবী আমাকে সাহায্য করতে পারে কি?

আপনি বিনাখরচে সাহায্য পেতে পারেন যদি:

- আপনি বিপদে পড়েন, বা মনে করেন যে আপনি আইনের সঙ্গে ঝামেলায় পড়তে পারেন
- আপনার ভিসা শীঘ্রই শেষ হবে এবং অতীতে আপনি বিপদে পড়েছেন
- আপনি ধারণা করেন যে Department (ডিপার্টমেন্ট) আপনার ভিসা বাতিল করতে পারে
- আপনি 'ভিসা বাতিল করার উদ্দেশ্যে নোটিশ' পান।.

আইন-সংক্রান্ত সেবাকর্মগুলি অপরাধমূলক আইন ও অন্যান্য আইনগত সমস্যার বিষয়ে উপদেশ দিতে পারে এবং কোথায় আপনি অভিবাসন আইনের উপদেশ পেতে পারেন তা ব্যাখ্যা করতে পারে।

অপেক্ষা করবেন না, তাড়াতাড়ি আইনমূলক উপদেশ জোগাড় করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বিনাখরচে আইন-সংক্রান্ত তথ্য ও উপদেশের জন্য, যোগাযোগ করুন:

NT Legal Aid Commission
1800 019 343 www.ntlac.nt.gov.au

Cth Ombudsman 1300 362 072
www.ombudsman.gov.au

অনুবাদকগণ এবং দোভাষীগণ

Translating and Interpreting Service (TIS) কে ১৩ ১৪ ৫০ নম্বরে ফোন করুন এবং কোন দোভাষীকে আপনার জন্য আইন-সংক্রান্ত সেবাকর্মকে ফোন করতে বলুন। আইন-সংক্রান্ত সেবাকর্মকে আপনার ভিসার কথা বলুন যেন তাঁরা আপনাকে সঠিক তথ্য দিতে পারেন। তাঁদেরকে বলুন যে এটা জরুরী।